# যাকাত বিধানের সারসংক্ষেপ

বিভাগ/অধ্যায়ঃ সদকা সংশ্লিষ্ট মাসআলা ও বিধি-বিধান

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

১০. বিভিন্ন প্রকার সদকার উদাহরণ:

কতক সদকা এমনও রয়েছে, যা সকল শ্রেণির মানুষ করতে পারে, যেমন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন:

«على كل مسلم صدقة» فقالوا: يا نبي الله، فمَن لم يجد؟، قال: «يعمل بيده، فينفع ويتصدق» قالوا: فإن لم يجد؟، قال: «يُعِينُ ذا الحاجة الملهوف» (وهو المحتاج احتياجاً شديداً)، قالوا فإن لم يجد؟، قال: «فليعمل بالمعروف، وليُمسك عن الشر فإنَّ له صدقة».

"প্রত্যেক মুসলিমের ওপর সদকা করা জরুরি, তারা বলল: হে আল্লাহর নবী, যার সদকা করার মত কিছু নেই? তিনি বললেন: নিজের হাত দিয়ে কাজ করে উপকৃত হবে ও সদকা করবে। তারা বলল: যার এই ক্ষমতা নেই? তিনি বললেন: কষ্টে থাকা লোককে সাহায্য করবে। তারা বলল: যার এই ক্ষমতা নেই? তিনি বললেন: তার উচিৎ ভালো কাজ করা ও অনিষ্ট থেকে দূরে থাকা। কারণ, এটিও তার জন্য সদকা"।[1]

«على كل نفسٍ فى كل يومٍ طَلَعَتْ فيه الشمس صدقة على نفسه» قلتُ: يا رسول الله مِن أينَ أتصدق وليس لنا أموال؟، قال: «لأن مِن أبواب الصدقة: التكبير، وسبحان الله، والحمد لله، ولا إله إلا الله، وأستغفرُ الله، وتأمرُ بالمعروف، وتنهَى عن المنكر، وتَعْزِلُ الشوكة عن طريق الناس، والعظْمة، والحَجَر، وتَهدِي الأعمى، وَتُسمِعُ الأصَمّ والأبْكَم حتى يَفقه، وَتَدُلّ المستدل على حاجةٍ لَهُ قد عَلِمْتَ مكانها، وتسعَى بشدة ساقيْك إلي اللهفان المستغيث، وترفع بشدة ذراعيْك مع الضعيف، كل ذلك من أبواب الصدقة منك على نفسك، وَلَكَ في جِمَاعِكَ زوجتِكَ أجر».

"প্রত্যেক ব্যক্তির জন্য সূর্য উঠা প্রতি দিন নিজের নফসের ওপর সদকা করা ওয়াজিব। আমি বললাম, হে আল্লাহর রাসূল কোত্থেকে সদকা করব, অথচ আমাদের সম্পদ নেই? তিনি বললেন: সদকার বিভিন্ন শাখা রয়েছে: আল্লাহু আকবার, সুবহানাল্লাহ, আল-হামদুলিল্লাহ, লা-ইলাহা ইল্লাল্লাহ, আস্তাগফিরুল্লাহ এবং সৎ কাজের আদেশ ও অসৎ কাজ থেকে নিষেধ করা, মানুষের রাস্তা থেকে কাঁটা, হাড্ডি ও পাথর দূর করা, অন্ধকে রাস্তা দেখানো, বধির ও বোবাকে শ্রবণ করানো, যেন তারা বুঝতে সক্ষম হয়। সন্ধান প্রার্থীকে সন্ধান দাও, যদি তার সঠিক স্থান জান। তোমার শক্ত পা দিয়ে সাহায্যপ্রার্থীর সাহায্যে এগিয়ে যাও, দুর্বলের সাহায্যে তোমার বাহুকে দৃঢ়ভাবে উত্তোলন কর। এসব তোমার নফসের ওপর তোমার সদকার শাখা-প্রশাখা। তোমার স্ত্রীর সাথে সহবাসেও রয়েছে সাওয়াব"।[2]

>

## ফুটনোট

[1] সহীহ বুখারী ও সহীহ মুসলিম।

[2] সিলসিলাহ সহীহাহ ৫৭৫

Source — https://www.hadithbd.com/books/link/?id=10161

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন